# 2014

## ELECTIVE BENGALI

Paper : 6·1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

রবীন্দ্রনাথ–১ *অথবা* রবীন্দ্রনাথ–২ থেকে প্রশ্নের উত্তর লিখতে হবে।

( রবীন্দ্রনাথ–১ )

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "তোরা যে যা বলিস ভাই,
আমার —— হরিণ চাই।" (শূন্যস্থান পূর্ণ করো)

(খ) "ছেলে তো গেলই, তাই বলে কি ঝগড়া করে রাজাকেও হারাব?" বক্তা কে?

(গ) কোন্ পুণ্যলোভাতুর রমণী সাগরসঙ্গমে দাদাঠাকুরের সঙ্গী হতে চেয়েছিলেন?

(ঘ) রাজা প্রতাপ রায়ের সভায় বুড়া বরজলাল তানপুরায় কোন্ রাগে সুর ধরেছিলেন?

(১) আহিরভৈরব

(২) ইমনকল্যাণ

(৩) বসন্তবাহার

(৪) ভৈরবী (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(ঙ) 'রাজা' নাটকে রাজার দক্ষিণের কুঞ্জবনে কোন্ পূর্ণিমার উৎসব হয়েছিল ?

(চ) "ওঁর কৌশল জানি, সমস্ত আভরণধারীদের মাঝখানে উনি আভরণ বর্জনের দ্বারাই নিজের মহিমা প্রমাণ করতে চান।" 'রাজা' নাটকের স্বয়ম্বর সভায় কে আভরণ বর্জন করেছিলেন ?

(ছ) "নিদারুণ রোগে ——
ভরে গেছে তার অঙ্গ।" (শূন্যস্থান পূর্ণ করো)

(জ) ব্রহ্মবিদ্যা শিক্ষার জন্য মহর্ষি গৌতমের আশ্রমে কে এসেছিলেন ?

(ঝ) "প্রভু বুদ্ধ লাগি আমি ভিক্ষা মাগি,
ওগো পুরবাসী, কে রয়েছ জাগি।"
বক্তা কে ?

(ঞ) "খোলো খোলো দ্বার, রাখিও না আর
বাহিরে আমায় দাঁড়ায়ে।"
'রাজা' নাটকে এই গানটি কে গেয়েছিলেন ?

(১) সুদর্শনা

(২) সুরঙ্গমা

(৩) রাজা

(৪) ঠাকুরদা (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

২। সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

(ক) ‘‘রানী সুদর্শনাকে দেখতে চাই—সেইটে তোমাকে করে দিতে হবে।’’ কে, কাকে একথা বলেছিলেন?

(খ) ‘‘দাসী হয়ে তোর এত সহজ হল কি করে?’’ বক্তা কে? দাসীর নাম কি?

(গ) ‘তুমি সত্যকুলজাত’—কে, কাকে একথা বলেছিলেন?

(ঘ) ‘‘রাজার আদেশ আজি কে না জানে,
এমন করে কি মরণের পানে
ছুটিয়া চলিতে আছে!’’

পংক্তিগুলো কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? বক্তা কে?

(ঙ) ‘রাজা’ নাটকের নকল রাজা সুবর্ণ এবং আসল রাজার ধ্বজায় কি কি ফুলের ছবি আঁকা ছিল?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ‘‘একী কাণ্ড করেছ কাঞ্চীরাজ!’’ কাণ্ডটি কি? প্রসঙ্গ বিশদ করে লেখো।

(খ) যে বৌদ্ধ আখ্যান অবলম্বন করে ‘রাজা’ নাটক রচিত, তার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে আলোচ্য নাটকে সেই আখ্যানের প্রক্ষেপ কতটুকু হয়েছে তা দেখাও।

(গ) ‘রাজা’ নাটকে অন্ধকার গৃহের অবতারণা কেন করা হয়েছে?

(ঘ) মহর্ষি গৌতম কাকে, কেন 'দ্বিজোত্তম' বলে অভিহিত করেছিলেন তা স্পষ্ট করো।

(ঙ) "সে ছাড়া কারো গান শুনিলে তাই মর্মে গিয়ে নাহি লাগে।" বরজলাল ছাড়া অন্য কারও গান রাজা প্রতাপ রায়ের মর্মে গিয়ে লাগে না কেন তা বুঝিয়ে দাও।

(চ) 'অভিসার' কবিতা অবলম্বনে সন্ন্যাসী উপগুপ্ত এবং বাসবদত্তার প্রথম সাক্ষাৎ-দৃশ্যটির বিবরণ দাও।

৪। (ক) "রবীন্দ্রনাথের রাজা এক দিকে সকলকে রাজা করিয়া দিয়া সমস্ত মানুষকে বিধিনিষেধহীন খোলা রাস্তার দেশে বাহির করিয়া দিয়াছেন, তিনি এই ডেমোক্র্যাটিক ভগবান।" সমালোচকের মন্তব্য অনুসরণ করে 'রাজা' নাটকে রাজার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) কাহিনি, সংলাপ, সঙ্গীত ও নাটকীয় দ্বন্দ্বের সমাহারে 'রাজা' নাটক কতটা আকর্ষণীয় হয়ে উঠেছে তা আলোচনা করো।

৫। (ক) 'রাজা' নাটকে ঠাকুরদার ভূমিকা স্পষ্ট করো। ১০

*অথবা*

(খ) "রূপতৃষ্ণার ফাঁদে পড়ে মিথ্যাকে সত্য বলে মনে করে, খণ্ড সত্যকে অখণ্ড সত্যের মর্যাদা দিয়ে, 'সুবর্ণ' রূপের চাকচিক্যে বিমুগ্ধ হয়ে রানী সুদর্শনা যে ভুল করেছিল, অনুতাপের আগুনের লেলিহান শিখার মধ্যে দাঁড়িয়ে সে তার ভুলের প্রায়শ্চিত্ত করেছে।" 'রাজা' নাটকের সুদর্শনা চরিত্রটি বিশ্লেষণ করে মন্তব্যের যাথার্থ্য বিচার করো।

৬। (ক) 'ব্রাহ্মণ' কবিতায় ভারতীয় ঐতিহ্যকে অবলম্বন করে কিভাবে মানব-মহত্ত্ব আত্মপ্রকাশ করেছে তা বুঝিয়ে দাও। ১০

*অথবা*

(খ) 'শ্রেষ্ঠভিক্ষা' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

৭। (ক) 'অভিসার' কবিতার বিষয়বস্তু আলোচনা করে তাতে প্রেমের যে মাহাত্ম্য উপস্থাপিত হয়েছে সে বিষয়ে লেখো। ১০

*অথবা*

(খ) 'দেবতার গ্রাস' কবিতার কাহিনি বর্ণনা করে এর করুণ পরিণতি সম্পর্কে আলোকপাত করো।

## ( রবীন্দ্রনাথ–২ )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) মনোরমার পিতার নাম কি?

(খ) শরৎবাবু ও কিরণময়ী বায়ু পরিবর্তনের জন্য কোথায় গিয়েছিলেন?

(গ) বরীচের প্রাসাদটি কে নির্মাণ করেছিলেন?

(ঘ) মুকুন্দবাবুর পোষ্যপুত্রের নাম কি?

(ঙ) সাহেবের সঙ্গে দেখা করার জন্য নবেন্দুশেখর আরদালিকে মোট কত টাকা দিয়েছিলেন?

(চ) কাঁঠালিয়া গ্রামের এনট্রেন্স স্কুলের হেডমাস্টারের নাম কি?

(ছ) যোগমায়াকে লাবণ্য কি বলে ডাকত?

(জ) "ফ্যাশানটা হল মুখোশ, স্টাইলটা হল মুখশ্রী।" বক্তা কে?

(ঝ) শোভনলালের পিতার নাম কি?

(ঞ) 'শেষের কবিতা' উপন্যাসটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) লাবণ্যলেখার স্বামীর নাম কি? তাঁর পেশা কি ছিল?

(খ) "ইচ্ছা হয় দিনেরবেলা থাকিবেন, কিন্তু কখনো এখানে রাত্রি যাপন করিবেন না।" বক্তা কে? তিনি কাকে এ কথা বলেছেন?

(গ) গৌরীকান্তের পুত্র ও নাতজামাইয়ের নাম কি?

(ঘ) "মাসিমা, ঘটকালি করতে এলেম।" বক্তা কে? তিনি কাকে এই কথাটি বলেছেন?

(ঙ) যোগমায়ার পুত্র ও কন্যার নাম কি?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'নিশীথে' গল্প অবলম্বনে দক্ষিণাচরণের ভৌতিক অভিজ্ঞতার বর্ণনা দাও।

(খ) "সাহেব এবং শ্যালী এই দুই নৌকায় পা দিয়া হতভাগা বিষম সংকটে পড়িল।" প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'অতিথি' গল্পের চারুশশী চরিত্র আলোচনা করো।

(ঘ) 'শেষের কবিতা' উপন্যাসে বালিগঞ্জের সাহিত্যসভার যে বর্ণনা রয়েছে তা নিজের ভাষায় লেখো।

(ঙ) 'শেষের কবিতা' উপন্যাসে শোভনলাল চরিত্রের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

(চ) 'শেষের কবিতা' উপন্যাসের কেটি মিত্র চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) 'আপদ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'অতিথি' গল্পের নায়ক চরিত্রের বৈশিষ্ট্য নির্দেশ করো।

(গ) অতিপ্রাকৃত গল্প হিসেবে 'ক্ষুধিত পাষাণ'-এর সার্থকতা বিচার করো।

(ঘ) 'প্রতিহিংসা' গল্পটির নামকরণ যথার্থ হয়েছে কি না, বিচার করো।

(ঙ) "পাঁচজনের মধ্যে ও যে-কোনো একজন মাত্র নয়, ও হল একেবারে পঞ্চম।" উক্তিটির আলোকে অমিত চরিত্রটি বিশ্লেষণ করো।

(চ) 'শেষের কবিতা' উপন্যাসের যোগমায়া চরিত্র আলোচনা করো।

(ছ) 'শেষের কবিতা' উপন্যাসের উপসংহার কতটা শিল্পসম্মত হয়েছে, বিচার করো।

(জ) "চলিত ভাষার ঐশ্বর্য যে কতখানি, তার অধিকার যে কতদূর বিস্তৃত হতে পারে তার উজ্জ্বলতম দৃষ্টান্ত 'শেষের কবিতা'র ভাষা।" মন্তব্যটির যথার্থতা বিচার করো।

★★★